দৈনিক
ইনকিলাব

তারিখ, 5 JAN 2009
পৃষ্ঠা ... কলাম ...

# শাবিতে হলের দখল নিয়ে ছাত্রলীগ-শিবির উত্তেজনা

সিলেট অফিস

নির্বাচন পরবর্তী শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের হলের দখল নিয়ে ছাত্রলীগ ও শিবিরের মধ্যে উত্তেজনা বিরাজ করছে। তবে কেন্দ্রিয় নিষেধাজ্ঞার কারণে ছাত্রলীগ এক্ষেত্রে ধীরে চলো নীতি অনুসরণ করছে। অন্যদিকে নির্বাচনের পর ছাত্রদল বিশ্ববিদ্যালয়ের হল থেকে সরে পড়লেও ছাত্র শিবির হলে তাদের অবস্থান ধরে রাখতে তৎপর রয়েছে বলে জানা

পৃ ১৫ ক ১৮

## শাবিতে হলের দখল

১২-এর পৃষ্ঠার পর

গেছে। এ নিয়ে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষও সজাগ রয়েছে। ছাত্রলীগের বিভিন্ন নেতা-কর্মীর কাছ থেকে জানা গেছে, কেন্দ্রিয় পর্যায়ের নিষেধের কারণেই তারা হলে প্রবেশ করার ক্ষেত্রে নীরব ভূমিকা পালন করছে। তবে ছাত্র হলগুলোতে ছাত্রশিবির কর্মীদের সন্দেহজনক ও উস্কানিমূলক আচরণে যে কোন মুহূর্তে সংঘর্ষ হতে পারে সাধারণ ছাত্র-ছাত্রীরা আশংকা করছে। হলে নিজেদের অবস্থান রাখতে শিবির নগরীর বিভিন্ন মেস থেকে নিজেদের কর্মীদের হলে নিয়ে আসছে বলে ছাত্রলীগ অভিযোগ করেছে। তবে নির্বাচনের ফলাফলের পর ছাত্রদল কর্মীদের অনেকেই হল ত্যাগ করেছে। এদিকে হলে বহিরাগতদের নিয়ে শিবিরের শক্তি বৃদ্ধির তৎপরতা প্রসঙ্গে ছাত্রলীগ কর্মীরা ক্ষুব্ধ প্রতিক্রিয়া ব্যক্ত করেছেন। এদিকে হলে নিজেদের অবস্থান ধরে রাখতে শিবির বিশ্ববিদ্যালয় ছাত্রলীগের বিবদমান একটি গ্রুপের সাথে দুই দফা আলোচনা করেছে বলেও জানা যায়।